



পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

জনসংযোগ দপ্তর

ফোন : ০৭৩১-৬৪৯৮১
ফ্যাক্স: ০৭৩১-৬৫১৩৪

তারিখঃ ১৫-৮- ২০১৯

প্রেস বিজ্ঞপ্তি

পাবিত্রবিত্তে জাতীয় শোক দিবস পালিত

(১৫-০৮-২০১৯)ঃ ১৯৭৫ সালের ১৫ আগস্টে বঙ্গবন্ধুসহ সকল শহীদদের প্রতি বিনম্র শ্রদ্ধা জানিয়েছে পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় পরিবার। জাতীয় শোক দিবস উপলক্ষে আজ সকালে প্রশাসন ভবন থেকে শোক র্যালি বের হয়। র্যালি ক্যাম্পাস প্রদক্ষিণ শেষে জাতির জনক বঙ্গবন্ধু হলে গিয়ে শেষ হয়। সেখানে বঙ্গবন্ধুর ম্যুরালে ১৫ আগস্টের শহীদদের প্রতি শ্রদ্ধাঞ্জলি অর্পণ করেন বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে উপাচার্যের দায়িত্বে উপ-উপাচার্য প্রফেসর ড. মোঃ আনোয়ারুল ইসলাম, ট্রেজারার প্রফেসর ড. মোঃ আনোয়ার খসরু পারভেজ ও অতিরিক্ত রেজিস্ট্রার বিজন কুমার ব্রহ্ম। এরপর শ্রদ্ধাঞ্জলি অর্পণ করেন বঙ্গবন্ধু পরিষদ, শিক্ষক সমিতি, অফিসার্স এসোসিয়েশন, বঙ্গবন্ধু হল, শেখ হাসিনা হল, কর্মচারী পরিষদ, প্রক্টর অফিস, ছাত্র উপদেষ্টা দপ্তর, পদার্থ বিজ্ঞান সমিতি, রসায়ন সমিতি, বাংলা বিভাগ, ইতিহাস ও বাংলাদেশ স্টাডিজ বিভাগ, রোভার স্কাউটসহ বিভিন্ন সামাজিক ও সাংস্কৃতিক সংগঠন। শ্রদ্ধাঞ্জলি শেষে এক মিনিট নিরবতা পালন করা হয়।



(১৫/০৮/২০১৯) ১৫ আগস্ট জাতীয় শোক দিবস উপলক্ষে পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে শোক র্যালি

এরপর এক সংক্ষিপ্ত আলোচনা সভায় উপ-উপাচার্য প্রফেসর ড. আনোয়ারুল ইসলাম বলেন, বঙ্গবন্ধু যুদ্ধবিধ্বস্ত দেশের দায়িত্ব নিয়েই যুগান্তকারী কল্যাণমুখী নানা পদক্ষেপ গ্রহণ করেন। দেশকে সঠিকভাবে পরিচালনার পাশাপাশি অল্পদিনের মধ্যেই স্বাবলম্বি করার সকল ব্যবস্থা করে ফেলেছিলেন। এতে স্বার্থান্বেষি দেশী-বিদেশী মহল সংঘবদ্ধ হয়ে বঙ্গবন্ধুকে হত্যা করে দেশকে পাকিস্তান বানানোর পথে চেষ্টা করেছিল। মূলত স্বাধীনতা বিরোধীরাই বঙ্গবন্ধু হত্যার পিছনে কাজ করেছিল। বঙ্গবন্ধুকে নিয়ে আমাদের অনেক গবেষণা করা দরকার। তাহলে জাতি জানতে পারবে তাঁর রাজনৈতিক দুরদৃষ্টি কতটা প্রথর ছিল। তাঁর দেখানো পথে হেটেই বঙ্গবন্ধু কন্যা আজ বাংলাদেশকে মধ্যম আয়ের দেশে পরিণত করেছে।



পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

জনসংযোগ দপ্তর

ফোন : ০৭৩১-৬৪৯৮১
ফ্যাক্স : ০৭৩১-৬৫১৩৪

তিনি ছিলেন কল্যানমুখী রাষ্ট্রের প্রবক্তা। তিনি বেঁচে থাকলে বাংলাদেশ অনেক আগেই বিশ্বের অন্যতম শক্তিশালী রাষ্ট্রে পরিণত হত। বঙ্গবন্ধুর নীতি-নৈতিকতা ও দেশপ্রেম নিয়ে চর্চা ও গবেষণা করার জন্য শিক্ষক-শিক্ষার্থীদের প্রতি আহবান জানান উপ-উপাচার্য।

কোষাধ্যক্ষ প্রফেসর ড. মোঃ আনোয়ার খসরু পারভেজ বলেন, আজ বাংলাদেশ যে মধ্যম আয়ের দেশে পরিণত হয়েছে তার বীজ বঙ্গবন্ধু নিজেই রোপন করেছিলেন। তাঁর দেখানো পথে হেটে মাননীয় প্রধানমন্ত্রী দেশকে বিশ্বের দরবারে মাথা উঁচু করছেন। বঙ্গবন্ধুকে আমাদের প্রতিদিন স্মরণ করা দরকার। কারণ তার নির্দেশে আমরা স্বাধীন হয়েছি। বঙ্গবন্ধুর সোনারবাংলার স্বপ্ন বাস্তবায়ন করার জন্য আমাদের দেশ গঠনে আত্মনিয়োগ করতে হবে।

মানবিক ও সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন ড. মোঃ হাবিবুল্লাহর সঞ্চালনায় এ সময় আরো উপস্থিত ছিলেন শিক্ষক সমিতির সভাপতি ড. ওমর ফারুক, সাবেক সভাপতি আওয়াল কবির জয়, রিজেন্টবোর্ডের সদস্য ড. আব্দুল আলিম, প্রক্টর প্রীতম কুমার দাস, ছাত্র উপদেষ্টা মাহমুদুল ইসলামসহ বিভিন্ন অনুষদের ডিন, বিভাগীয় চেয়ারম্যান, শিক্ষকবৃন্দ, কর্মকর্তা-কর্মচারী ও শিক্ষার্থীরা।

শেষে শহীদদের আত্মার মাগফেরাত কামনায় দোয়া করা হয়। এছাড়া বাদ যোহর কেন্দ্রীয় মসজিদে মিলাদ মাহফিলের আয়োজন করা হয়।

বার্তা প্রেরক
স্বাক্ষরিত/-

২৭/০৪/২০১৯

(মোঃ ফারুক হোসেন চৌধুরী)

উপ-পরিচালক

জনসংযোগ দপ্তর

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, পাবনা।

০১৭১১৯৪২২১২